

# বঙ্গবন্ধু শিক্ষা বীমা পরিকল্প

উচ্চ মাধ্যমিক পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রস্তাবিত

## ক। পটভূমিঃ

১। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীকে স্মরণীয় করে রাখতে ২০২১ সালে বীমা দিবসের অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শিক্ষা বীমা পরিকল্পটি প্রথম ঘোষণা করেন।

২। উল্লেখ্য, বঙ্গবন্ধু একমাত্র চাকরি করেন বীমা খাতে যেখান থেকে তিনি দেশব্যাপী স্বাধীনতা আন্দোলনের জন্য ছয় দফা দাবি নামা তৈরি সহ বিভিন্ন কার্যক্রম পরিচালনা করেন।

৩। সরকারি ব্যবস্থাপনায় ৬৪ জেলা হতে ২৫৬টি শিক্ষা প্রতিষ্ঠানের ৫০ হাজার শিক্ষার্থী নিয়ে বীমা পরিকল্পটির এক বছর মেয়াদী পাইলটিং করা হয়।

৪। পাইলটিং এর ফলাফলের ভিত্তিতে ২০২২ সালের শেষের দিকে সকল জীবন বীমা কোম্পানির জন্য উন্মুক্ত করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নিকট অগ্রগন্য এই উদ্যোগটি শীঘ্রই বাধ্যতামূলক চালুর সমুহ সম্ভাবনা রয়েছে।

## খ। বীমা সংক্রান্ত সাধারন তথ্যাবলিঃ

১। বীমাকৃত ব্যক্তিঃ পিতা/মাতা/আইনগত অভিভাবক যিনি সুস্থ ও স্বাভাবিক কর্মক্ষম (যেকোন একজন বীমাকৃত হবেন)।

২। শিক্ষার্থীর বয়সঃ নুন্যতম ৩ বছর এবং সর্বোচ্চ ১৮ বছর।

৩। বীমাকৃত ব্যক্তির বয়সঃ নুন্যতম ২৫ বছর এবং সর্বোচ্চ ৬৪ বছর।

৪। বীমা সুবিধা প্রাপ্যঃ বীমাকৃত ব্যক্তির মৃত্যুতে / দুর্ঘটনা জনিত সম্পূর্ণ এবং স্থায়ী অঙ্গহানিতে।

৫। বীমার মেয়াদঃ নুন্যতম ১ বছর এবং সর্বোচ্চ ১৪ বছর। (বীমা সুবিধাকাল সর্বোচ্চ ১৪ বছর অথবা শিক্ষার্থীর বয়স সর্বোচ্চ ১৮ বছর যেটিই প্রথমে পূর্ণ হবে সেটই গন্য হবে)

৬। বীমার আওতা বহির্ভূতঃ বীমা কভারেজ শুরুর পূর্ব থেকে বিছানায় শয্যাসায়ী অবস্থায় দীর্ঘদিন ধরে চিকিৎসা গ্রহণ করে আসছেন এমন কোন শারীরিক অবস্থা (স্বাভাবিক কর্মক্ষম নয়) এবং আত্মহত্যা।

## গ। দুর্ঘটনা জনিত সম্পূর্ণ এবং স্থায়ী অঙ্গহানির তালিকাঃ (Accidental Permanent and Total Disability)

১। উভয় চোখের দৃষ্টি সম্পূর্ণ নষ্ট হয়ে গেলে
২। কব্জির উপর থেকে উভয় হাত খোয়া/কাটা গেলে
৩। গোড়ালির উপর থেকে উভয় পা খোয়া/কাটা গেলে
৪। কব্জির উপর থেকে এক হাত এবং গোড়ালির উপর থেকে এক পা খোয়া/কাটা গেলে
৫। এক চক্ষু এবং কব্জির উপর থেকে এক হাত খোয়া/কাটা গেলে
৬। এক চক্ষু এবং গোড়ালির উপর থেকে এক পা খোয়া/কাটা গেলে

## ঘ। বীমাকৃত ব্যক্তির মৃত্যুতে অথবা দুর্ঘটনা জনিত সম্পূর্ণ এবং স্থায়ী অঙ্গহানিতেঃ

১। মাসিক বৃত্তির পরিমানঃ ৫০০ টাকা। (সাম্ভাব্য সর্বোচ্চ বৃত্তির পরিমান ১৪ বছরে ৮৪ হাজার টাকা)

২। ৫০০ টাকা মাসিক বৃত্তির প্রতি ইউনিট বীমার জন্য প্রিমিয়াম হারঃ শিক্ষার্থীপ্রতি বার্ষিক প্রিমিয়াম মাত্র ৮৫ টাকা।

একাধিক ইউনিট বীমা কভারেজ গ্রহনের ক্ষেত্রে প্রিমিয়াম হার এবং মাসিক বৃত্তির পরিমান আনুপাতিক হারে বৃদ্ধি পাবে। যেমনঃ

| ক্রমিক নং | বীমা ইউনিট | বার্ষিক প্রিমিয়াম | মাসিক বৃত্তির পরিমান ও প্রাপ্তি কাল (শিক্ষার্থীর বয়স ৩ বছর থেকে ১৮ বছর পর্যন্ত) | সম্ভাব্য বীমা সুবিধার পরিমান (নুন্যতম ১ বছর ও সর্বোচ্চ ১৪ বছর) |
|---|---|---|---|---|
| ১ | ১ ইউনিট | ৮৫ টাকা | মাসিক ৫০০ টাকা | ৬ হাজার টাকা থেকে ৮৪ হাজার টাকা |
| ২ | ২ ইউনিট | ১৭০ টাকা | মাসিক ১০০০ টাকা | ১২ হাজার টাকা থেকে ১.৬৮ লাখ টাকা |
| ৩ | ৩ ইউনিট | ২৫৫ টাকা | মাসিক ১৫০০ টাকা | ১৮ হাজার টাকা থেকে ২.৫২ লাখ টাকা |
| ৪ | ৪ ইউনিট | ৩৪০ টাকা | মাসিক ২০০০ টাকা | ২৪ হাজার টাকা থেকে ৩.৩৬ লাখ টাকা |
| ৫ | ৫ ইউনিট | ৪২৫ টাকা | মাসিক ২৫০০ টাকা | ৩০ হাজার টাকা থেকে ৪.২০ লাখ টাকা |
| ৬ | ৬ ইউনিট | ৫১০ টাকা | মাসিক ৩০০০ টাকা | ৩৬ হাজার টাকা থেকে ৫.০৪ লাখ টাকা |
| প্রাথমিকভাবে ৪ অথবা ৫ ইউনিট দিয়ে আর্মি নিয়ন্ত্রিত শিক্ষা প্রতিষ্ঠানে শুরু করা যায়। | | | | |

## ঙ। বঙ্গবন্ধু শিক্ষা বীমা বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর প্রত্যাশাঃ

১। এই বীমার মাধ্যমে পিতা/মাতা/আইনগত অভিভাবকের অবর্তমানে শিক্ষার্থীদের শিক্ষার জন্য আর্থিক নিরাপত্তা নিশ্চিত হবে এবং শিক্ষার্থীদের ঝরে পড়ার হার কমে যাবে।

২। "এদেশে একটি লোকও নিরক্ষর থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর নিজের এই ঘোষণা ও স্বপ্ন বাস্তবায়নে বঙ্গবন্ধু শিক্ষা বীমা গুরুত্বপূর্ন ভূমিকা রাখবে।

৩। জীবন বীমার প্রতি নতুন প্রজন্ম তথা জনগণের আস্থা বৃদ্ধিসহ প্রচার, প্রসার ও ইন্স্যুরেন্স penetration বৃদ্ধি পাবে।

## চ। বঙ্গবন্ধু শিক্ষা বীমা বাস্তবায়নে আস্থা লাইফের মন্তব্যঃ

১। যেহেতু মাননীয় প্রধানমন্ত্রীর এই বিশেষ উদ্যোগটি বাধ্যতামূলক চালুর সমুহ সম্ভাবনা রয়েছে, তাই আর্মি নিয়ন্ত্রিত সকল স্কুল/কলেজে এই পরিকল্পটি শুরুতেই বাস্তবায়ন করা গেলে এটি শিক্ষার মতো জাতীয় ও গুরুত্বপূর্ণ ইস্যুতে বিশেষ অবদান হিসেবে স্বীকৃতি পেতে পারে।

২। জাতীয় ও ঐতিহাসিক যে কোন উদ্যোগে বাংলাদেশ সেনাবাহিনী যেভাবে সম্মুখ সারিতে থেকে সবসময় বীরত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে একইভাবে এই মহৎ উদ্যোগ শিক্ষা খাতে একটি ঐতিহাসিক মাইল ফলক হয়ে থাকবে।

# বঙ্গবন্ধু শিক্ষা বীমা পরিকল্প

ছ। শিক্ষার্থীদের তালিকা নিচের ছক অনুযায়ী মাইক্রোসফট এক্সেল (MS Excel) এ ইংরেজিতে প্রেরণ করা প্রয়োজন-

| | |
|---|---|
| **Name of School/College and Address:** | |
| **EIIN(Educational Institute Identification Number):** | |

| | Particulars of Students | | | | Particulars of Father/Mother/Legal Gaudian | | | | | | Insurance Information | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 |
| Ser | Student's Name | DOB | ID No | Class | Name | DOB | Relation with Student | NID | Mobile | Present address | Effective Date | Number of Unit | Premium BDT | Remarks |
| 1 | | | | | | | | | | | 1st Jan 24 | | | |
| 2 | | | | | | | | | | | | | | |
| 3 | | | | | | | | | | | | | | |
| -- | | | | | | | | | | | | | | |

ঝ। নিয়মাবলীঃ

১। শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থী একসঙ্গে এই বীমার আওতায় আসবে এবং শিক্ষার্থীবৃন্দ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে বীমার প্রিমিয়াম পরিশোধ করবে।

২। শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম সম্পন্ন করার সময় বাৎসরিক বীমা প্রিমিয়াম সংগ্রহ করে সংযুক্ত ছক মোতাবেক পূর্ণাঙ্গ তালিকা শিক্ষাবর্ষ শুরুর কমপক্ষে ১৫ দিন পূর্বে আস্থা লাইফে প্রেরণ করবে। এক্ষেত্রে (ছ) নম্বর ছকের ১২ নং কলামে বীমা কার্যকরের তারিখ আগামি শিক্ষাবর্ষ শুরুর তারিখ হবে (১ লা জানুয়ারি) এবং প্রতি বছর একই নিয়মে শিক্ষার্থীদের বাৎসরিক বীমা প্রিমিয়াম সংগ্রহ করে আস্থা লাইফে প্রেরণ করতে হবে।

৪। বছরের যে কোন সময় বীমাটি শুরু করা যাবে। সেক্ষেত্রে উপরের (ছ) নম্বর ছকের ১২ নং কলামে বীমা কার্যকরের তারিখ ভর্তির তারিখ অথবা প্রিমিয়াম সংগ্রহকালীন মাসের পহেলা তারিখ হতে পারে। সেক্ষেত্রে প্রতি বছর একই নিয়মে উক্ত শিক্ষার্থীদের বাৎসরিক বীমা প্রিমিয়াম সংগ্রহ করে আস্থা লাইফে প্রেরণ করতে হবে।

৫। আস্থা লাইফ প্রিমিয়াম প্রাপ্তি সাপেক্ষে বীমা সচল করে অনুমোদিত তালিকা পত্রাকারে পরবর্তী ১০ কর্ম দিবসের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করবে।

৬। উল্লেখ্য, যেহেতু বীমা পরিকল্পটি শুধুমাত্র বাৎসরিক প্রিমিয়াম পরিশোধযোগ্য সেহেতু বীমা কার্যকরের তারিখ হতে ৩৬৫ দিন বীমা সুরক্ষা বলবৎ থাকবে এবং পরবর্তী বছরের প্রিমিয়াম একই নিয়মে প্রাপ্তি সাপেক্ষে বীমা সুরক্ষা পরবর্তী বছরের জন্য স্বয়ংক্রিয়ভাবে সচল হবে। এই নিয়মে ৩ বছর বয়স থেকে ১৭ বছর বয়স পর্যন্ত শিক্ষার্থীদের শিক্ষা বীমা সুরক্ষাটি চলমান থাকবে।

৭। আস্থা লাইফ বীমা সংক্রান্ত সকল তথ্যাবলী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে সংগ্রহ ও সমন্বয় করবে।

যোগাযোগঃ
মোঃ হাসিবুল হাকিম, এক্সিকিউটিভ অফিসার, গ্রুপ ইন্স্যুরেন্স বিভাগ
মোবাইল নম্বরঃ +৮৮ ০১৭৬৯ ০৫৯ ২৫৮
ইমেইলঃ hasibul@asthalife.com.bd